



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৬০.১৪- ২৩৪০


তারিখঃ ৪/১১/২০২১খ্রিঃ।

বিষয়ঃ পশ্চিমবর্তী দেশে কোভিড-১৯ সংক্রমণ বৃদ্ধি পাওয়ার প্রেক্ষাপটে গঠিত ওয়ার্ড কমিটিকে অধিকতর সক্রিয়করণ সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-১১৪৭ তারিখঃ ০১.১১.২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বিভাগের ০১.১১.২০২১ তারিখের ১১৪৭ নং স্মারকের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১(এক) ফর্দ।


(ফারজানা মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক (সকল)
..... পৌরসভা
জেলাঃ.....।

অনুলিপি :-

- ১। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ২। একান্ত সচিব, সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
- ৪। অফিস কপি।

শেখ হাসিনা
১০
১৩/১১/২১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৮. ২০২০- ২১ ৪৭

তারিখঃ ১৬ কার্তিক ১৪২৮
০১ নভেম্বর ২০২১

বিষয়ঃ পার্শ্ববর্তী দেশে কোভিড-১৯ সংক্রমণ বৃদ্ধি পাওয়ার প্রেক্ষাপটে গঠিত ওয়ার্ড কমিটিকে অধিকতর সক্রিয়করণ।

পার্শ্ববর্তী দেশ ভারতে কোভিড-১৯ সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় করণীয় নির্ধারণ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষগণের সমন্বয়ে গত ২৬/১০/২০২১ তারিখ বেলা ০৪.০০ ঘটিকায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে জুম অ্যাপের মাধ্যমে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মতামত ব্যক্ত করা হয় যে, পার্শ্ববর্তী দেশ ভারতসহ অন্যান্য দেশে কোভিড-১৯ এর সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও আসন্ন শীত মৌসুমে ঠান্ডা, কাশি ও শ্বাসজনিত রোগের প্রবণতা বৃদ্ধি পাওয়ার আশংকা রয়েছে। কিন্তু বাংলাদেশের গ্রাম ও শহরাঞ্চলে বসবাসরত জনগণের মধ্যে বর্তমানে মাস্ক ব্যবহারের শিথিলতা পরিলক্ষিত হচ্ছে। এ কারণে উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী করোনা ভাইরাসের বিস্তার নিয়ন্ত্রণে স্থানীয় সরকার বিভাগের আওতায় ইতঃপূর্বে গঠিত সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিটি, পৌরসভার ওয়ার্ড কমিটি এবং ইউনিয়ন পরিষদের ওয়ার্ড কমিটিকে নিম্নোক্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলঃ

- ১) সর্বস্তরের জনগণকে স্বাস্থ্যবিধি যথাযথভাবে পালন ও মাস্ক ব্যবহারে উদ্বুদ্ধকরণ;
- ২) হাট-বাজার, চায়ের দোকান বা জনসমাগম হয় এমন স্থানে ভিড় পরিহারের ব্যবস্থা গ্রহণ;
- ৩) ভ্যাকসিন গ্রহণে সর্বস্তরের জনগণকে উদ্বুদ্ধকরণ ;
- ৪) বয়স্ক ব্যক্তিদের ভ্যাকসিনেশন সেন্টারে নিয়ে আসতে সহায়তা করা;
- ৫) স্বাস্থ্যবিধি পালন, মাস্ক ব্যবহার, ভ্যাকসিনেশন কার্যক্রম ইত্যাদি বিষয়ে এলাকার হাট-বাজারে ও অন্যান্য স্থানে মাইকিং/প্রচারের ব্যবস্থা করা;
- ৬) সকল প্রকার সমাবেশ, সামাজিক অনুষ্ঠানসহ অন্যান্য জনসমাবেশ নিরুৎসাহিত করা;
- ৭) করোনা ভাইরাস সংক্রান্ত সরকারের বিভিন্ন নির্দেশনা বাস্তবায়ন।

এ কে এম মিজানুর রহমান
০৪/১১/২০২১

উপসচিব

ফোন- ২২৩৩৫৫৫৭৩

E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

- ১। মাননীয় মেয়র, সিটি কর্পোরেশন (সকল)।
- ২। মেয়র, পৌরসভা (সকল)।
- ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, উপজেলা-----, জেলা-----।

অনুলিপিঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(পমুপ), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/গাজীপুর/সিলেট সিটি কর্পোরেশন।
- ৫। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/ নারায়নগঞ্জ/ কুমিল্লা/ রংপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
- ৮। উপসচিব (সিটি কর্পোরেশন-১/সিটি কর্পোরেশন-২/পৌর-১/পৌর-২/ইউনিয়ন পরিষদ-১/ইউনিয়ন পরিষদ-২), স্থানীয় সরকার বিভাগ/ উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা, জেলা।
- ১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।